# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
# GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.১৯.০০৩.২৫/২৮৮ তারিখ ঃ ১২-০১-২০২৫

## পরিপত্র

১। পরিচালকমণ্ডলী কর্তৃক অনুমোদিত "কম্পিউটার ক্রয়ের অগ্রিম মঞ্জুরির নীতিমালা" এর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে (২য় পর্যায়) কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয়ের জন্য অগ্রিম ঋণ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে কোম্পানিতে কর্মরত নিয়মিত কর্মকর্তাগণের নিকট হতে নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

১.১। কোম্পানির নিয়মিত ১ম শ্রেণীর কর্মকর্তা অর্থাৎ সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয় অগ্রিম ঋণ প্রাপ্তির লক্ষ্যে আবেদন করতে পারবেন। তবে, কোন অবস্থাতেই একই ব্যক্তি একবার ঋণ গ্রহণ পরবর্তী দশ বছরের মধ্যে দ্বিতীয়বার একই ঋণ প্রাপ্য হবেন না;

১.২। উক্ত ঋণ মঞ্জুরির পর সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক নিজ খরচে অঙ্গীকারনামা ও তার সম বা তদূর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন দুইজন কর্মকর্তার ব্যক্তিগত সিউরিটি বন্ড (ঋণ গ্রহীতার খরচে) প্রতিটি ৳৩০০.০০(তিনশত টাকা)-এর নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদনকরতঃ পে-রোল এন্ড বিলস ডিপার্টমেন্টে দাখিল সাপেক্ষে উক্ত অগ্রিমের অর্থ প্রদান করা হবে;

১.৩। ঋণ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে ঋণ গ্রহীতাকে কম্পিউটার ক্রয়ের যথাযথ ক্যাশমেমো/রশিদ অবশ্যই পে-রোল এন্ড বিলস ডিপার্টমেন্টে দাখিল করতে হবে। অন্যথায়, সম্পূর্ণ অর্থ পরবর্তী ১০ দিন অর্থাৎ ঋণ প্রাপ্তির ৪০ দিনের মধ্যে ঋণ গ্রহীতা এককালীন পে-রোল এন্ড বিলস ডিপার্টমেন্টে ফেরত দিতে বাধ্য থাকবেন। উল্লেখ্য, উক্ত সময়সীমার মধ্যে ঋণ গ্রহীতা কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে তার বেতন, প্রদেয় ভবিষ্য তহবিল (নিজস্ব চাঁদা) এবং তার পক্ষে সিউরিটি বন্ড প্রদানকারী ব্যক্তিদ্বয়ের বেতন, প্রদেয় ভবিষ্য তহবিল (নিজস্ব চাঁদা) হতে অনতিবিলম্বে উক্ত ঋণের অর্থ পে-রোল এন্ড বিলস ডিপার্টমেন্ট কর্তৃক আদায়যোগ্য;

১.৪। কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয়ের জন্য ঋণ গ্রহীতা ১২ (বার) মাসের মূল বেতন অথবা সর্বোচ্চ ৳ ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা ঋণ অগ্রিম প্রাপ্য হবেন। উক্ত ঋণের উপর বার্ষিক শতকরা ১০ (দশ) টাকা হারে সুদ প্রদেয় হবে যা ৬০ কিস্তিতে কর্তনযোগ্য। কিস্তি অনুযায়ী ঋণ পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১ (এগার) টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায়যোগ্য;

২। ঋণ অগ্রিমের আবেদন বিষয়ক কোম্পানি কর্তৃক ২৩.০৭.২০২৩ তারিখে জারিকৃত পত্র সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.০৭.০০১.২৩.১১৬ সংখ্যক পরিপত্র প্রযোজ্য হবে।

৩। আগ্রহী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশাসন ডিভিশনের অধীনস্থ এমপ্লয়ী রিলেশন্স এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট হতে আবেদনপত্র সংগ্রহ ও যথাযথভাবে পূরণকরতঃ আগামী ১৩-০২-২০২৫ তারিখের মধ্যে উক্ত ডিপার্টমেন্টে দাখিল করবেন। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১২/১/২০২৫
(মোহছেনা আক্তার)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**অনুলিপি :**

১। সকল ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান, জিটিসিএল-------------------------------------------- | আপনার অধীনস্থ কর্মকর্তাগণকে অবহিত করার জন্য প্রেরণ করা হলো।
২। ব্যবস্থাপক (নেটওয়ার্ক এডমিনিসট্রেশন), জিটিসিএল-(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩। উপ-ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর জিটিসিএল।
৪। নোটিশ বোর্ড।
৫। অফিস কপি।

CamScanner